

এসএসসিতে ঢাকা বোর্ডে বৃত্তি পেলেন পৌনে ৭ হাজার শিক্ষার্থী


ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০৫ সেপ্টেম্বর ২০২৫, ২১:৪৪



এসএসসিতে ঢাকা বোর্ডে বৃত্তি পেলেন পৌনে ৭ হাজার শিক্ষার্থী। ছবি: সংগৃহীত

এসএসসি পরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে এ বছর বৃত্তি পেয়েছেন ৬ হাজার ৭৮৭ জন শিক্ষার্থী। তাদের মধ্যে মেধাবৃত্তি (টেলেন্টপুল) পেয়েছেন ৯৬২ জন ও সাধারণ বৃত্তি পেয়েছেন ৫ হাজার ৮২৫ জন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) রাতে বৃত্তিপ্রাপ্তদের তালিকা প্রকাশ করা হয়।

কোন বিভাগ থেকে বৃত্তি পেলেন কতজন:

এ বছর ঢাকা বোর্ডে মেধাবৃত্তি পাওয়া ৯৬২ শিক্ষার্থীদের মধ্যে এসএসসিতে বিজ্ঞান বিভাগ থেকে পাস করা ৪৬৩ জন, মানবিক বিভাগের ২২২ জন ও ব্যবসায় শিক্ষার ২৭৭ জন।

মেধাবৃত্তি পাওয়াদের সবাই এসএসসিতে জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়েছেন। তারা সবাই নিয়মিত শিক্ষার্থী হিসেবে এসএসসি পরীক্ষায় অংশ নেন। ঢাকা বোর্ডের আওতাধীন প্রতি উপজেলার দুজন ছাত্র ও দুজন ছাত্রীকে নম্বরের ভিত্তিতে এ বৃত্তি দেওয়া হয়।

সাধারণ বৃত্তি পাওয়া ৫ হাজার ৮২৫ জনের মধ্যে থানা কোটায় বৃত্তি পেয়েছেন ৪৪০ জন। এছাড়া বিজ্ঞান বিভাগের ২ হাজার ৬৯১ জন, মানবিক বিভাগের ১ হাজার ৩৪৭ জন ও ব্যবসায় শিক্ষার ১ হাজার ৩৪৭ জন।

জানা গেছে, মেধাবৃত্তি পাওয়া শিক্ষার্থীরা মাসে ৬০০ টাকা ও বছরে এককালীন ৯০০ টাকা পাবেন। আর সাধারণ বৃত্তিপ্রাপ্তরা মাসে ৩৫০ টাকা এবং বছরে এককালীন ৪৫০ টাকা পাবেন। বৃত্তির টাকা রাজস্ব বাজেটের বৃত্তি-মেধাবৃত্তি খাত থেকে নির্বাহ করা হবে।

বৃত্তিপ্রাপ্তদের নামের তালিকা দেখতে এখানে [ক্লিক](#) করুন।